

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : ২০-০১-২০২৫

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

### Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল মন কি বাত এর ১১৮তম পর্বে বলেছেন, প্রয়াগরাজে মহাকুণ্ড চিরস্মরণীয় জনসমুদ্র, অকল্পনীয় দৃশ্য এবং সাম্য ও সমভাবনার অসাধারণ সঙ্গমের সহাবস্থান। কুণ্ডের এই উৎসবে বিভেদের মাঝে ঐক্যের উৎসবও উদযাপিত হচ্ছে। কোন ভেদাভেদ নেই, জাতপাত নেই। এই কুণ্ড- একতার মহাকুণ্ড। মহাকুণ্ডে ব্যাপক অংশের যুবক-যুবতীদের অংশগ্রহনে প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী আরও বলেন, ২০২৫ সালের শুরুতে মহাকাশের ক্ষেত্রে ভারত এক ঐতিহাসিক সাফল্য অর্জন করেছে। একটি ভারতীয় মহাকাশ প্রযুক্তি স্টার্ট আপ, বেঙ্গালুরুর পিঞ্জেল, ভারতের প্রথম বেসরকারি স্যাটেলাইট কনস্টেলেশন - 'ফায়ারফ্লাই'কে সফলভাবে চালু করেছে। এই সাফল্য ভারতকে শুধুই আধুনিক মহাকাশ প্রযুক্তিতে শীর্ষস্থানীয় করে তোলেনি, বরং আত্মনির্ভর ভারতের লক্ষ্যে এটি একটি বড় পদক্ষেপও। বিজ্ঞানীরা মহাকাশ ক্ষেত্রে আরও একটি বড় সাফল্য অর্জন করেছেন। তারা উপগ্রহের স্পেস ডকিং করিয়েছেন। যখন মহাকাশে দুটি মহাকাশ-যান যুক্ত করা হয়, তখন এই প্রক্রিয়াটিকে স্পেস ডকিং বলা হয়। ভারত চতুর্থ দেশ যারা এই সাফল্য অর্জন করেছে।

প্রধানমন্ত্রী ৭৫ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীকে আগাম শুভেচ্ছা জানিয়ে বলেন, এই বছরটি প্রজাতন্ত্র দিবস উদযাপনের

বিশেষ গুরুত্ব রয়েছে। কারণ সংবিধান কার্যকরী হওয়ার এটি ৭৫তম বছর। তিনি আগামী ২৫শে জানুয়ারি জাতীয় ভোটার দিবসের গুরুত্ব নিয়েও আলোচনা করেন। দেশে ভোটদান প্রক্রিয়াকে মজবুত করায় তিনি নির্বাচন কমিশনের ভূয়সী প্রশংসা করেন।

\* \* \* \* \*

### **Kokborok Day:**

রাজ্যে গতকাল নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৪৭তম ককবরক ভাষা দিবস উদযাপন করা হচ্ছে। এই উপলক্ষে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক অনুষ্ঠানে কৃষি মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার ককবরক ভাষার উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত ককবরক ভাষাকে একটি বিশেষ বিষয় হিসেবে চালু করা হয়েছে। রাজ্যের ১, ১৬৩টি বিদ্যালয়ে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত, ১৩৩টি বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত, ১১৫টি বিদ্যালয়ে নবম ও দশম শ্রেণীতে এবং ৬৫টি বিদ্যালয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে ককবরক অন্যতম বিষয় হিসেবে পড়ানো হচ্ছে। ত্রিপুরা (কেন্দ্রীয়) বিশ্ববিদ্যালয়ে ককবরক ভাষায় পিএইচডি ডিগ্রি চালু করা হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ককবরক ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান বিধায়ক রামপদ জমাতিয়া এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা। সভাপতিত্ব করেন ককবরক ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ডা. অতুল দেববর্মা।

৪৭তম ককবরক সাল-২০২৫ উদযাপন উপলক্ষে সকালে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে এক বর্ণাত্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\* \* \* \* \*

### **Kokborok Day, Sepahijala:**

গতকাল সিপাহীজলা জেলাতেও ককবরক ভাষা দিবস পালন করা হয়েছে। বিশ্রামগঞ্জের শচীন দেববর্মণ স্মৃতি কলাক্ষেত্রে অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধি নেত্রী সুপ্রিয়া দাস দত্ত। থলিবাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় সোনামুড়া মহকুমা ভিত্তিক ককবরক ভাষা দিবস।

\*\*\*\*\*

### **Kokborok – Sabroom:**

মাইকেল মধুসূদন দত্ত কলেজের কক্ষবরক বিভাগের উদ্যোগে  
গতকাল সাব্রুম শহরে বর্ণাত্য শোভাযাত্রার আয়োজন করা হয়।  
এরপর এক আলোচনাচক্রের আয়োজন করা হয়, কলেজের স্বামী  
বিবেকানন্দ অডিটরিয়ামে। আলোচনায় অংশগ্রহণ করেন  
কলেজের অধ্যক্ষ ড: অনুপম গুহ, ধামাদ্বিপা বুদ্ধিষ্ঠ  
ইউনিভার্সিটির অতিথি লেকচারার রতিমোহন ত্রিপুরা, কলেজ  
এলামনি এসোসিয়েসনের সহ সম্পাদক সজল নাথ।

\*\*\*\*\*

### **Kokbark Day/Kailashahar:**

কৈলাশহর মহকুমাভিত্তিক ৪৭ তম কক্ষবরক দিবস ও জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা আজ কৈলাশহরের ভগৎ সিং হলে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার।

Weather. .

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা থাকবে। দিনের তাপমাত্রা থাকবে সর্বনিম্ন ১২ ডিগ্রি থেকে সর্বোচ্চ ২৭ ডিগ্রির মধ্যে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২. ডিগ্রি সেলসিয়াস।

## **Kokbarak Day -Belonia:**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের কক্ষবরক বিভাগের উদ্যোগে আজ কক্ষবরক ভাষা দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুভ্রাচরণ নোয়াতিয়া। উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ডঃ মনোরঞ্জন দাস, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা লিপিকা রায়, ধর্মাদীপা আন্তর্জাতিক বৌদ্ধিক বিশ্ববিদ্যালয়ের কক্ষবরক বিভাগের অধ্যাপক অমিত ত্রিপুরা।

## জনজাতি কল্যাণ:

জনজাতি কল্যাণ দপ্তরের জনজাতি গবেষণা ও সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে আজ রবীন্দ্র ভবনে 47 তম কক্ষেরক দিবস উপলক্ষে সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উদ্বোধন করেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনিবলেন রাজ্য সরকার জনজাতিদের কৃষ্টি সংস্কৃতি ও ভাষার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে। একইসঙ্গে জনজাতি কল্যাণের সরকারের বিভিন্ন উদ্যোগে কথাও তুলে ধরে তিনি। অনুষ্ঠানে বক্তৃব্য রাখেন টি আর আই এর অধিকর্তা রঞ্জিত দেববর্মা, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস, ডাইরেক্টর কক্ষেরক এন্ড আদার মাইনোরিটি ল্যাঙ্গুয়েজ এর অধিকর্তা আনন্দ হরি জমাতিয়া। অনুষ্ঠানে গত বছর মাধ্যমিক উচ্চ মাধ্যমিক, সহ বিশ্ববিদ্যালয় স্তরের পরীক্ষায় কৃতিত্ব অর্জন কারী জনজাতি ছাত্র-ছাত্রী ছাড়াও বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জন কারীদেরও সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে নাচ গান পরিবেশন করেন জন জাতি গোষ্ঠী শিল্পীরা।









